

আবুবাছা

019

বিশ্বইসলামী শিক্ষা সম্মেলন  
আনুষ্ঠানিক মূল  
শিক্ষার ওপর  
আলোচনা

তারিখ ৬।৩।৬৫

পৃষ্ঠা... ..

462

ইসলামী শিক্ষা সংক্রান্ত তৃতীয় বিশ্ব সম্মেলনের তৃতীয় পূর্ণাঙ্গ অধিবেশনে গতকাল মূল শিক্ষার উপর আলোচনা হয়। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ডঃ মুহম্মদ সেলিম।

অধিবেশনে গঠিত মূল নিবন্ধ রচনা করেন বাংলাদেশের ডঃ এ.কে. এম. ওবায়দুল্লাহ, মোহাম্মদ ইদ্রিস আলী। আলোচনায় অংশ নেন মালয়েশিয়ার ডঃ হোসান উলুং, সৌদি আরবের শেখ জামজুম, প্রফেসর সৈয়দ আলী আশরাফ, প্রফেসর সিরাজুল হক, জনাব এ এফ এম ইয়াহিয়া, ডঃ ওয়াকার আহমেদ (যুক্তরাষ্ট্র), শেখ আহমেদ লেগু (নাইজেরিয়া), ডঃ মুহম্মদ সাকর (জর্ডন), ডঃ ওয়াসিউল্লাহ খান (যুক্তরাষ্ট্র) এবং ডঃ আবদুল্লাহ জায়েদ।

মূল নিবন্ধে বলা হয়, ইসলামী শিক্ষা ব্যবস্থার ৩টি ধারা রয়েছে। যথা আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক ও ঘরোয়া। তিনটি ধারারই সমান গুরুত্ব রয়েছে। কারণ, একটির অনুপস্থিতিতে অন্যটির কার্যকারিতা হারিয়ে যায়।

নিবন্ধকারদের বলেন, বর্তমানে মুসলিম দেশগুলোতে কমবেশী ঘরোয়া ও অনানুষ্ঠানিক ধারা চলছে। কোন দেশে পরিপূর্ণ ব্যবস্থা হিসেবে আনুষ্ঠানিক ইসলামী শিক্ষা ব্যবস্থা চালু নেই। মূল নিবন্ধে আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা কিভাবে প্রবর্তন করা যায় তার উল্লেখ করা হয়। এ ব্যাপারে নিবন্ধকারদের সুপারিশ করেন।  
কম্পিউটারের সুপারিশ করেন।  
খবর বাসসর।